## বৈশিষ্ট্য সমূহ

- প্রশিক্ষিত, দক্ষ ও শিশুবান্ধব শিক্ষক/শিক্ষিকার মাধ্যমে পাঠদান।
- ইংরেজি ভাষা শিক্ষা ও ইংরেজিতে ব্যবহারিক যোগাযোগ দক্ষতা অর্জনের বিশেষ ব্যবস্থা।
- কুরআন, হাদিস, নামাজ ও দোয়া শিক্ষার ব্যবস্থা।
- জাতীয় শিক্ষাক্রম ও কে.জি. স্কুলের পাঠ্যক্রম যথাযথভাবে অনুসরণ করা হবে।
- নিজস্ব স্কুল ভ্যানে শিক্ষার্থীদের যাতায়াত সুবিধা।
- ক্লাসের বিষয়ভিত্তিক নোট প্রদান।
- নিয়মিত সাপ্তাহিক/পাক্ষিক/মাসিক পরীক্ষার আয়োজন।
- চিত্রাঙ্কন, খেলাধুলা, আবৃত্তি, সংগীত ইত্যাদি সহশিক্ষার ব্যবস্থা।
- সম্মানিত অতিথি বক্তা দ্বারা মোটিভেশনাল স্পিচ এর ব্যবস্থা।
- শরীর চর্চা ও স্কাউটিং এর সুব্যবস্থা।
- স্কুলের সীমানা প্রাচীরের ভিতরে ক্যান্টিনের সু-ব্যবস্থা।
- সর্বক্ষণিক সিসিটিভি ক্যামেরা দ্বারা নিরাপত্তা পর্যবেক্ষণ।

## শ্রেণি ও বয়স সীমা

**শিক্ষার স্তর ও বয়সঃ**

| | |
|---|---|
| (ক) প্লে গ্রুপ | (৩.৫/৪+) বছর |
| (খ) নার্সারি | (৫+) বছর |
| (গ) স্ট্যান্ডার্ড-ওয়ান | (৬+) বছর |
| (ঘ) স্ট্যান্ডার্ড-টু | (৭+) বছর |
| (ঙ) স্ট্যান্ডাড-থ্রি | (৮+) বছর |
| (চ) স্ট্যান্ডার্ড-ফোর | (৯+) বছর |
| (ছ) স্ট্যান্ডার্ড-ফাইভ | (১০+) বছর |




## পোষাক

বিস্তারিত তথ্যের জন্য অফিসে যোগাযোগ করার জন্য অনুরোধ রইল।

### শিক্ষক ও অভিভাবক সমাবেশ

শিক্ষক ও অভিভাবকদের যৌথ উদ্যোগে ও প্রচেষ্টার মাধ্যমে শিক্ষার্থীদের লেখাপড়া ও সার্বিক অগ্রগতি সম্ভব। শিক্ষক, অভিভাবক ও ছাত্র-ছাত্রীদের আদর্শগত ঐক্য ও সহযোগিতার সমন্বয় সাধন ব্যতীত একটি আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান তার কার্যক্রম সুচারুভাবে পরিচালনা করতে পারেনা। তাই নির্ধারিত সময়ে শিক্ষক ও অভিভাবক সম্মেলন অনুষ্ঠিত হবে। এছাড়া যেকোন সময় অভিভাবকগণ তাদের ছেলে মেয়েদের পড়ালেখার বিষয়ে সংশ্লিষ্ট শ্রেণি শিক্ষক বা অধ্যক্ষের সঙ্গে আলোচনা করতে পারবেন।

## কর্তৃপক্ষের আশা

এই প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ গভীর আশাবাদ ব্যক্ত করছেন যে, ছাত্র-ছাত্রীদের সার্বিক কল্যাণ নিশ্চিত করতে এখানে যে শিক্ষা কার্যক্রম পরিচালিত হবে তাতে প্রত্যেক অভিভাবক মূল্যবান পরামর্শ ও সহৃদয় সহযোগিতা প্রদান করবেন। অভিভাবক এবং শিক্ষা প্রতিষ্ঠানের কর্মকর্তা ও শিক্ষক/শিক্ষিকাবৃন্দের সার্বিক সহযোগিতা ও সহমর্মিতার মাধ্যমে এ প্রতিষ্ঠানের সর্বাঙ্গীন উন্নতি ও সাফল্য অর্জন সম্ভব হবে।

**ধন্যবাদ**

Discipline — Excellence

# ALPHABET KIDS SCHOOL
# (অ্যালফাবেট কিডস্ স্কুল)

WHERE KIDS LOVE TO LEARN




# প্রসপেক্টাস

স্থানঃ পালংখালী বাজারের পশ্চিম পাশে, পালংখালী, উখিয়া, কক্সবাজার।

Mobile: 01790-415522
01790-183583

www.facebook.com/Alphabet-Kids-School
E-mail: akschoolpk@gmail.com
Website: www.alphabetkidsschool.com

### বিছমিল্লাহির রাহমানির রাহিম

মানবজাতির হাত ধরে পৃথিবী পৌঁছে গিয়েছে এক অনন্য উচ্চতায়। এই অবিস্মরণীয় অগ্রযাত্রার পেছনে রয়েছে জ্ঞান-বিজ্ঞানের ভূমিকা। মানবজাতি গড়ে তুলেছে জ্ঞান-বিজ্ঞান, প্রযুক্তি ও মানবিক মূল্যবোধ নির্ভর একটি অতি আধুনিক বিশ্বব্যবস্থা। প্রযুক্তির বদৌলতে বিশ্ব এখন মানুষের হাতের মুঠোয়। সেই সাথে দেশে-দেশে, মানুষে-মানুষে পারস্পরিক প্রতিযোগিতাও বৃদ্ধি পেয়েছে অতিমাত্রায়। এই প্রতিযোগিতাময় বিশ্বে তাল মিলিয়ে চলার জন্য মেধা ও মূল্যবোধের বিকাশ, জ্ঞান-বিজ্ঞানের শিক্ষা ও মৌলিক মানবাধিকারের ধারণা একান্ত প্রয়োজন। এছাড়া শিক্ষা খাতে বিনিয়োগকে বর্তমান সময়ে সন্তানদের জন্য শ্রেষ্ঠ বিনিয়োগ হিসেবে পরিগণিত করা হয়।

প্রতিটি প্রাণী জন্মগতভাবে তার জাতিগত পরিচয় বহন করলেও মানুষ কিন্তু জন্মগতভাবে মানুষ হয় না। মানুষকে মানুষ হতে হলে দোলনা থেকে কবর অবধি সুশিক্ষার ভেতর দিয়ে যেতে হয়। পারিবারিক শিক্ষা, প্রাতিষ্ঠানিক শিক্ষা, ধর্মীয় শিক্ষা, সামাজিক শিক্ষা একজন শিশুকে মানুষ হিসেবে গড়ে তুলতে সাহায্য করে। এর মধ্যে প্রাতিষ্ঠানিক শিক্ষা পরবর্তী জীবনে আর্থিক নিরাপত্তা ও সামাজিক মর্যাদা বৃদ্ধির জন্য বিরাট ভূমিকা রাখে। তাই শিশুদের শারীরিক ও মানসিক বিকাশ, মূল্যবোধ অর্জন, সুশিক্ষার ব্যবস্থা নিশ্চিত করণ ও প্রয়োজনীয় ধর্মীয় শিক্ষায় শিক্ষিত করে তোলার প্রয়াস নিয়ে "অ্যালফাবেট কিডস্ স্কুল" হাজির হয়েছে আপনাদের সান্নিধ্যে। আমরা বরাবরই আপনার সন্তানের ভবিষ্যৎ পরিকল্পনার অংশীদার হতে আগ্রহী। "অ্যালফাবেট কিডস্ স্কুল" এ ধর্মীয় শিক্ষার ব্যবস্থা বাধ্যতামূলক রাখা হয়েছে। যার জন্য অভিভাবকদের আলাদা ফি প্রদান করতে হবে না। আপনার সন্তানদের বহুমুখী প্রতিভা বিকাশ নিশ্চিত করবার লক্ষ্যে স্কুল কার্যক্রমের পাশাপাশি আরও কিছু কোর্স প্রবর্তন করার পরিকল্পনা রয়েছে। এই পরিকল্পনার অংশ হিসেবে ব্যক্তিগত নিরাপত্তা ও মনোবল উন্নত রাখার জন্য "অ্যালফাবেট তায়কোয়ান্দো ক্লাব", ইংরেজি ভাষার উপর দক্ষতা অর্জনের জন্য "অ্যালফাবেট ইংলিশ স্পিকিং ক্লাব" ও মনোজগতকে প্রসারিত করবার লক্ষ্যে "অ্যালফাবেট মিউজিক/কালচারাল ক্লাব" ২০২৬ সালে ধাপে ধাপে বাস্তবায়ন করা হবে। সকল স্কুল/কলেজের ছাত্র-ছাত্রীরা কোর্সগুলোতে অংশগ্রহণ করতে পারবেন। এই প্রোগ্রামগুলোতে বয়স ও দক্ষতা অনুযায়ী জুনিয়র ও সিনিয়র ক্যাটাগরিতে কোর্স সেবা গ্রহণের সুযোগ থাকবে।

"অ্যালফাবেট কিডস্ স্কুল" তার শিক্ষার্থীদের স্কুলিং এর পাশাপাশি নৈতিক মূল্যবোধ, আদব ও শিষ্টাচার, বিভিন্ন নেতিবাচক প্রভাব সম্পর্কে সচেতনতা বৃদ্ধি, উন্নত ব্যক্তিগত রুচিবোধ ইত্যাদি বিষয় সম্পর্কে বেশ গুরুত্ব সহকারে কাজ করতে বদ্ধপরিকর। একটি খুব সম্ভব আধুনিক, বৈচিত্র্যময় ও বহুমুখী কাঠামোর ভেতর দিয়ে এই স্কুলের শিক্ষার্থীদের নিয়ে যাওয়া হবে যেন সত্যিকার অর্থেই আপনার সন্তানের ভবিষ্যতকে সুন্দর ও সাফল্যময় করে তোলা যায়। ১০ থেকে ২০ বছর পর আপনার সন্তানকে আপনি কোন অবস্থানে দেখতে চান তার সিদ্ধান্ত আপনাকে আজকেই নিতে হবে। আর আমরা আপনাদের স্বপ্ন পুরণের সারথি হয়ে থাকতে প্রতিশ্রুতিবদ্ধ।




**প্লে গ্রুপ থেকে কে.জি. ফোর পর্যন্ত।**

### ভর্তি ফরম বিতরণ ও ভর্তি শুরু

- ১৫ নভেম্বর ২০২৫ইং
- বই উৎসবঃ ১ জানুয়ারি ২০২৬ইং
- ক্লাস শুরুঃ ২ জানুয়ারি ২০২৬ইং

**৩১ ডিসেম্বর ২০২৫ইং তারিখের মধ্যে ভর্তি হলে ৩০% পর্যন্ত ডিসকাউন্ড রয়েছে।**

## রিপোর্ট কার্ড

প্রতিটি সাময়িক/বার্ষিক পরীক্ষার ফলাফল নির্ধারিত রিপোর্ট কার্ডের মাধ্যমে অভিভাবকদের জানানো হবে। উক্ত রিপোর্ট কার্ডে প্রতিটি পর্বের ছাত্র-ছাত্রীদের পড়ালেখার অগ্রগতি সম্পর্কে মতামতসহ অভিভাকদের উক্ত রিপোর্ট কার্ডটি স্বাক্ষরসহ শ্রেণি শিক্ষকের নিকট যথাসময়ে ফেরত পাঠাতে হবে।

## স্কুল ডায়েরি

প্রতেক ছাত্র-ছাত্রীকে স্কুল হতে প্রদত্ত ডায়েরি যত্নের সঙ্গে সংরক্ষণ করতে হবে এবং প্রতিদিন ক্লাসে নিয়ে আসতে হবে।




## যাতায়ত ব্যবস্থা

নিজস্ব স্কুল ভ্যানের মাধ্যমে দূরবর্তী শিক্ষার্থীদের যাতায়তের সু-ব্যবস্থা রয়েছে।

## ভর্তির নিয়মাবলী

বিভিন্ন শ্রেণির আসন অনুযায়ী ভর্তির দরখাস্ত আহ্বান করা হচ্ছে। ১০০/-(একশত) টাকার বিনিময়ে প্রসপেক্টাস ও প্রাথমিক আবেদন পত্র সংগ্রহ করা যাবে এবং নির্ধারিত সময়ের মধ্যে নিয়মানুযায়ী ফরম পূরণ করে জমা দিতে হবে।

## আসন সংখ্যা

প্রতি শ্রেণিতে সর্বোচ্চ ৩০ জন ছাত্র-ছাত্রী।

## সময় সূচী

সকাল ০৮:৩০ মিনিট হতে দুপুর ০২: ৩০ মিনিট পর্যন্ত।
কার্য দিবসঃ রবিবার থেকে বৃহস্পতিবার।

## ছুটি

সরকার কর্তৃক নিধারিত ছুটির দিন সমূহ এবং শীত ও গ্রীষ্মকালীন নির্ধারিত ছুটি।

